গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

নং - আইএস-৩৮/দূর্যোগ আব/৯৫/ ৯৪০৭ তারিখ ঃ ১৭/৩/২০০৮

বিষয় ঃ আসন্ন কালবৈশাখী মৌসুমে নৌ দুর্ঘটনা রোধকল্পে যাত্রীবাহী নৌযানের প্রতি নির্দেশনা

আসন্ন কালবৈশাখী মৌসুমে লঞ্চ দুর্ঘটনা এড়ানোর জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের উদ্দেশ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ঃ

১। ৬৫ ফুটের নীচের সকল যাত্রীবাহী জাহাজ কেবল দিনের বেলায় চলাচল করবে ;
২। ৩ (তিন) তলা বিশিষ্ট ৫০ মিটারের নীচের সকল যাত্রীবাহী নৌযান কেবলমাত্র সঠিক নকশা ও স্ট্যাবিলিটি অনুযায়ী নির্মিত হলে রাত্রি বেলা চলাচল করতে পারবে অন্যথায় শুধুমাত্র দিনের বেলায় চলাচল করবে;
৩। যাত্রী পারাপারের কাজে নিয়োজিত ছোট ছোট খেয়া নৌকা ও স্বল্প দূরত্বে (১ ঘন্টার অধিক নয়) চলাচলকারী নৌকাসমুহে ১২ জনের অধিক যাত্রী বহণ করতে পারবে না । উপরন্তু এ ধরনের নৌযানে ৬টি লাইফ বয়া রাখতে হবে;
৪। দূর্যোগপূর্ণ আবহাওয়ায় সকল ধরনের নৌযান চলাচল বন্ধ রাখতে হবে ।
৫। নৌযানে নির্ধারিত সংখ্যক ও নির্ধারিত গ্রেডের মাস্টার-ড্রাইভার নিয়োগ নিশ্চিত করতে হবে;
৬। প্রতিটি লঞ্চে মোবাইল ফোন ও রেডিও সরবরাহ নিশ্চিত করতে হবে;
৭। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় যাত্রীবাহী নৌযানের দুপাশের ভারী পর্দা ও রশি অপসারণের ব্যবস্থা করতে হবে;
৮। নৌযানের মাস্টার ব্রীজে যাত্রী সাধারণ অবাধ চলাচল বন্ধ করার জন্য দু'পাশ অস্থায়ীভাবে বন্ধ এবং ছাদে উঠার সিড়ি অপসারণের ব্যবস্থা করতে হবে;
৯। সার্ভে সনদে উল্লিখিত যাত্রী সংখ্যার অতিরিক্ত যাত্রী বহন না করার জন্য মালিক কর্তৃক মাস্টারদের নির্দেশ প্রদান করতে হবে;
১০। হ্যাচ কভার বন্ধ করে জাহাজে পানিরোধী ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
১১। নদীবক্ষে একাধিক লঞ্চের মধ্যে সংঘর্ষ, প্রতিযোগিতা বন্ধ করতে হবে; এ জাতীয় অভিযোগ পাওয়া গেলে উক্ত লঞ্চ/লঞ্চ সমুহের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
১২। চিহ্নিত নৌপথে বা তার নিকটবর্তী স্থান সমুহে এবং নৌ-বন্দর বা ঘাটের কাছে মাছ ধারার জাল ফেলা যাবে না । প্রয়োজনে এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত/
( এ কে এম আলাউদ্দিন )
কমান্ডার, বি এন
চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার

বিতরণ ঃ

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা। → ৬৫ ফুটের নীচের সকল যাত্রীবাহী নৌযান কেবলমাত্র দিনের বেলায় চলাচল করতে পারবে মর্মে ইতোপূর্বে জারীকৃত মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ঐ সকল নৌযানের সময়সুচী পুনঃবিন্যাস করার জন্য অনুরোধ করা হলো ।

২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা।
৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য অধিদপ্তর, চট্টগ্রাম ।
৪। স্পেশাল অফিসার মেরিন সেফটি, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা ।
৫। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়নগঞ্জ/চাঁদপুর/বরিশাল/খুলনা/চট্টগ্রাম ।
৬। ইনচার্জ, নৌ পুলিশ ফাঁড়ি, সদরঘাট, ঢাকা /নারায়নগঞ্জ/চাঁদপুর/বরিশাল/চাঁদপুর/পটুয়াখালী/আরিচা/মাওয়া।
৭। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল(যাপ) সংস্থা, ১৪ পুরানা পল্টন (ফোর্থ ফ্লোর), দারুস সালাম আর্কেড, ঢাকা-১০০০
৮। চেয়ারম্যান, লঞ্চ মালিক সমিতি, টার্মিনাল ভবন (২য় তলা), সদরঘাট, ঢাকা।
৯। সভাপতি, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২ পি.কে. রায় রোড, বাংলাবাজার, ঢাকা ।

(৭–৯:) আপনাদের সমিতিভুক্ত সকল যাত্রীবাহী নৌযানের মালিক ও মাস্টারদেরকে বিজ্ঞপ্তির কপি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য-

সচিব, নৌ পরিবহণ মন্ত্রণালয়, ঢাকা ।

১৭/৩/০৮
(মোঃ জাহিদ হোসেন)
মুখ্য পরিদর্শক (চলতি দায়িত্ব)
ফোন-৯৫৫৮৫৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

নং - আইএস-৪/অফিস আদেশ/৯৯/ ৩৪১৬ তারিখ ঃ ১৭/৩/২০০৮

## কালবৈশাখী মৌসুমে দুর্ঘটনা মুক্ত নৌ-চলাচল নিশ্চিতকল্পে নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

দেশে এখন কালবৈশাখী ঝড়ের মৌসুম শুরু হয়েছে । এ সময় হঠাৎ করে কোন পূর্বাভাস ছাড়াই প্রলয়ংকরী ঝড় দেশের যে কোন স্থানে বয়ে যেতে পারে। এ সকল ঝড় নদীতে ও উপকূলীয় অঞ্চলে চলাচলকারী সকল ধরনের নৌযান ও বিশেষভাবে যাত্রীবাহী নৌযানের জন্য অত্যন্ত বিপদজনক । এ সময় যাত্রীবাহী নৌযানের দুর্ঘটনার আশংকা বেশী থাকে । দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে নিম্নরূপ সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকল যাত্রীবাহী নৌযানের মালিক ও মাস্টারদের অনুরোধ জানানো যাচ্ছে ঃ

### মালিকদের জন্য

১) নির্ধারিত সংখ্যক ও নির্ধারিত গ্রেডের মাস্টার ও ড্রাইভার দ্বারা নৌযান পরিচালনা করুন;
২) প্রতিটি লঞ্চে মোবাইল ফোন ও রেডিও সরবরাহ নিশ্চিত করুন;
৩) দূর্যোগপূর্ণ আবহাওয়া বিরাজ করলে নৌযানের যাত্রা স্থগিত রাখার জন্য মাস্টারকে নির্দেশ দিন;
৪) যাত্রীবাহী নৌযানের দুপাশের ভারী পর্দা ও রশি অপসারণ করুন;
৫) নৌযানের মাস্টার ব্রীজে যাত্রী সাধারণের অবাধ চলাচল বন্ধ করার জন্য দু'পাশ অস্থায়ীভাবে বন্ধ করার ব্যবস্থা করুন;
৬) নৌযানের ছাদে উঠার সিঁড়ি নিজ তত্ত্বাবধানে অপসারণ করুন।

### মাস্টারদের জন্য

১) আবহাওয়ার পূর্বাভাস জেনে নৌযান নিয়ে বন্দর ত্যাগ করবেন;
২) সার্ভে সনদে উল্লেখিত যাত্রী সংখ্যার অতিরিক্ত যাত্রী বহণ করবেন না;
৩) ডেকের উপর যাত্রীদের বসার স্থানে ব্যবসায়িক মালামাল পরিবহণ করবেন না;
৪) ধারণ ক্ষমতার অতিরিক্ত মালামাল বহণ করবেন না;
৫) হ্যাচের মধ্যে মালামাল রেখে হ্যাচ কভার নাট-বল্টু দিয়ে ভালভাবে বন্ধ করার ব্যবস্থা করবেন;
৬) নির্দিষ্ট সংখ্যক বয়া নৌযানে আছে কিনা, নিশ্চিত করুন;
৭) প্রয়োজনের সময় যাত্রীরা যাতে সহজে বয়া ব্যবহার করতে পারে সে ভাবে রাখুন;
৮) যাত্রার পূর্বে ইঞ্জিন ভালভাবে কাজ করছে কিনা, পরীক্ষা করুন;
৯) নেভিগেশনাল বাতিসমুহ সচল আছে কিনা, যাত্রার পূর্বে নিশ্চিত হোন;
১০) পথিমধ্যে ঝড়ের আশংকা দেখা দিলে নৌযানকে নিরাপদ স্থানে সরিয়ে নিন বা কিনারায় ভিড়িয়ে রাখুন;
১১) নৌযানে মোবাইল ফোন ও রেডিও রাখুন এবং নিয়মিত আবহাওয়ার বুলেটিন শুনুন;
১২) আবহাওয়া অবনতি হওয়ার আশংকা থাকলে নৌযান ছাড়ার পূর্বে পরবর্তী বন্দরের পোর্ট অফিসারের সাথে মোবাইলে যোগাযোগ করে নৌযান ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত নেবেন;
১৩) বৈধ কাগজপত্র বিহীন নৌযান পরিচালনা করবেন না;
১৪) নির্দিষ্ট সংখ্যক এবং নির্ধারিত গ্রেডের মাস্টার-ড্রাইভার নৌযানে না থাকলে নৌযান পরিচালনা করবেন না;
১৫) ঝড়ের সময় যাত্রীবাহী নৌযানের দু'পাশের ভারী পর্দা উঠিয়ে শক্তকরে বেধে রাখুন যাতে অবাধে বাতাস প্রবাহিত হতে পারে ;
১৬) যাত্রীরা যাতে নৌযানের ছাদে উঠতে না পারে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখবেন ।

স্বাক্ষরিত/
( ক্যাপ্টেন এ,কে,এম, শফিকউল্লাহ )
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ ঃ কার্য গ্রহনার্থে

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা → আলোচ্য বিজ্ঞপ্তিটি বিআইডব্লিউটিএ'র সকল গুরুত্বপূর্ণ ঘাটে মাইকে প্রচারের জন্য অনুরোধ জানানো যাচ্ছে ।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫ দিলকুশা বা/এ, ঢাকা ।
৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা।
৪। স্পেশাল অফিসার মেরিন সেফটি, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা ।
৫। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়নগঞ্জ/চাঁদপুর/বরিশাল/খুলনা/চট্টগ্রাম ।
৬। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল(যাপ) সংস্থা, ১৪ পুরানা পল্টন (ফোর্থ ফ্লোর), দারুস সালাম আর্কেড, ঢাকা-১০০০
৭। চেয়ারম্যান, লঞ্চ মালিক সমিতি, টার্মিনাল ভবন (২য় তলা), সদরঘাট, ঢাকা।
৮। সভাপতি, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২ পি.কে. রায় রোড, বাংলাবাজার, ঢাকা ।

(৬-৮): আপনাদের সমিতিভুক্ত সকল যাত্রীবাহী নৌযানের মালিক ও মাস্টারদেরকে বিজ্ঞপ্তির কপি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য -
সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা ।

১৭/৩/০৮
(মোঃ জাহিদ হোসেন)
মুখ্য পরিদর্শক (চলতি দায়িত্ব)
ফোন-৯৫৫৮৫৬০